## 12589 - রমযানের দিনের বেলায় ভুলক্রমে পানাহার করা

প্রশ্ন

রমযানের দিনের বেলায় যে ব্যক্তি ভুলক্রমে পানাহার করেছে; তার হুকুম কী?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

তার কোন গুনাহ হবে না। তার রোযা সঠিক। যেহেতু আল্লাহ্‌ তাআলা সূরা বাক্বারার শেষে বলেছেন: হে আমাদের প্রভু! আমরা যদি ভুলে যাই কিংবা ভুল করি তাহলে আমাদেরকে শাস্তি দিবেন না।’[সূরা বাক্বারা, আয়াত: ২৮৬]

এবং নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে সাব্যস্ত হয়েছে যে, তিনি বলেন যে, আল্লাহ্‌ তাআলা বলেছেন: আমি সেটা করলাম। এবং যেহেতু আবু হুরায়রা (রাঃ) এর সূত্রে থেকে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে সাব্যস্ত হয়েছে যে, তিনি বলেন: “যে ব্যক্তি ভুলে গেছে যে, সে রোযাদার। তাই সে খেয়ে ফেলেছে কিংবা পান করে ফেলেছে; তার কর্তব্য তার রোযাকে পূর্ণ করা। কেননা আল্লাহ্‌ই তাকে খাইয়েছেন ও পান করিয়েছেন।’[সহিহ বুখারী ও সহিহ মুসলিম]

অনুরূপভাবে যদি ভুলে গিয়ে স্ত্রী সহবাস করে ফেলে; তাহলে আয়াতে কারীমা ও হাদিসের দলিলের ভিত্তিতে আলেমদের দুটো অভিমতের মধ্যে সর্বাধিক সঠিক মতানুযায়ী তার রোযা সঠিক। এবং যেহেতু নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: “যে ব্যক্তি ভুলে গিয়ে রমযানের রোযা ভেঙ্গে ফেলেছে; তার উপর কোন কাযা বা কাফ্‌ফারা বর্তাবে না”।[মুদতাদরাকে হাকেম, তিনি হাদিসটিকে সহিহ বলেছেন এবং আলবানী সহিহুল জামে গ্রন্থে (৬০৭০) হাসান বলেছেন]

হাদিসের এই ভাষ্যটি সহবাসসহ অন্য রোযা-ভঙ্গকারী বিষয়াবলীকে অন্তর্ভুক্ত করে। এটি আল্লাহ্‌র রহমত, অনুগ্রহ ও দয়া। তাই এর জন্য তাঁর প্রশংসা ও তাঁর প্রতি কৃতজ্ঞতা।